THE BENGAL CHAMBER

# Union Budget Viewing Session2022-2023

**Date: 1st February 2022,**

MEDIA DOSSIER

# Electronic Media Coverage:

### Doordarshan Live Streaming from The Chamber:





### Doordarshan Live Interview:



## Live Press Conference from the Chamber on Channel 10





## Live Streaming of Budget Session from the Chamber on News Time Bangla



## Interview on News 18 Bangla:




## Live Streaming on Kolkata TV:




## Live Streaming from Chamber on R Plus:




## Interview on CN News:



## Interview on Arohi News:



| Publication: Aajkaal | Date: 02.02.2022 |
|---|---|
| Edition: Kolkata | Page: 8 |



# কেন্দ্রের বাজেট: শিল্প মহলের মিশ্র প্রতিক্রিয়া



টিভিতে বাজেট দেখে পর্যালোচনা করছেন বিসিসিআইয়ের সদস্যরা। মঙ্গলবার। ছবি: দীপক গুপ্ত

তারিক হাসান

কেন্দ্রীয় বাজেট নিয়ে মিশ্র প্রতিক্রিয়া রাজ্যের বণিকসভা থেকে শুরু করে শিল্প মহলের। সকলেরই আশা, ঘুরে দাঁড়ানোর দিশা পাওয়া যাবে।

বাজেট নিয়ে প্রতিক্রিয়া দিতে গিয়ে বন্ধন ব্যাঙ্কের এমডি এবং সিইও চন্দ্রশেখর ঘোষ বলেছেন, 'পরিকাঠামো-সহ সস্তায় আবাসন, জনকল্যাণ এবং ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়নের ক্ষেত্রে পরিকল্পিত মূলধন দেশকে উন্নয়নের পরবর্তী পর্যায়ে নিয়ে যাবে। ২০২২-২৩ অর্থবছরের বাজেটে প্রত্যাশা দেশে সাম্প্রতিক যে আর্থিক অগ্রগতি দেখা গেছে, তা যেন দীর্ঘমেয়াদিভাবে বজায় থাকে।' বন্ধন ব্যাঙ্কের প্রধান অর্থনীতিবিদ এবং গবেষণা বিভাগের প্রধান সিদ্ধার্থ সান্যাল বলেছেন, 'এই বাজেটে বড় ও ছোট শিল্পের চাহিদার কথা ভাবা হয়েছে।' প্যাটন গ্রুপের এমডি সঞ্জয় বুধিয়া বলেছেন, 'রাজ্য সরকারগুলির সক্রিয় অংশগ্রহণে পুরনো এসইজেড আইনের বদলে নতুন যেটি আনার কথা বলা হয়েছে, তা সম্ভাবনা বাড়াবে। ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে জোর দেওয়ায় কর্মসংস্থান বাড়বে।' ক্যারিং মাইন্ডস অ্যান্ড আই ক্যান ফ্লাই-এর প্রতিষ্ঠাতা ডিরেক্টর মিনু বুধিয়া বলেছেন, 'যে ন্যাশনাল টেলি-মেন্টাল হেলথ প্রোগ্রাম-এর কথা বলা হয়েছে, মানসিকভাবে পিছিয়ে থাকাদের কাউন্সেলিংয়ে তা [illegible]।'

বেঙ্গল পিয়ারলেস হাউজিং ডেভেলপমেন্ট কোম্পানির সিইও কেতন সেনগুপ্ত বলেছেন, 'এই বাজেট আবাসন ব্যবসাকে দীর্ঘ সময়ের জন্য উন্নতির দিকে নিয়ে যাবে। মার্লিন গ্রুপের এমডি সাকেত মোহাতা বলেছেন, 'পরবর্তী ২৫ বছরের জন্য ভাবনা থেকে এই বাজেট।' সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচারের সিএমও অভিষেক ভরদ্বাজ বলেছেন, 'সস্তার আবাসনে জোর দেওয়া হয়েছে। যা আবাসন শিল্পে গতি আনবে।' বাজেট প্রতিক্রিয়া দেন জৈন গ্রুপের এমডি ঋষি জৈন, ইডেন রিয়েলটির এমডি আর্য সামন্ত, ইমামি রিয়েলটি লিমিটেডের এমডি এবং সিইও ড. নীতেশ কুমার।

জেআইএস গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সর্দার তরণজিৎ সিং বলেছেন, 'ডিজিটাল বিশ্ববিদ্যালয়ের কথা বলা হলেও কত অর্থ এর জন্য বরাদ্দ করা হয়েছে তা স্পষ্ট নয়। যে সব পড়ুয়ার ল্যাপটপ, স্মার্টফোন বা ইন্টারনেট সংযোগ নেই তারা এর সুবিধা পাবে না।' আরপি-সঞ্জীব গোয়াঙ্কা গ্রুপের চেয়ারম্যান সঞ্জীব গোয়েঙ্কা বলেছেন, 'পরিকাঠামোয় জোর দেওয়া হয়েছে। বিনিয়োগ বাড়বে, কর্মসংস্থান বাড়বে।'

সেনকো গোল্ড অ্যান্ড ডায়মন্ডস-এর সিইও শুভঙ্কর সেন বলেছেন, 'হীরে এবং গ্রহরত্নের ক্ষেত্রে শুল্কে যে ছাড়ের কথা বলা হয়েছে, তা রপ্তানিতে গতি আনবে।' কেভেন্টার অ্যাগ্রোর সিএমডি মায়াঙ্ক জালান বাজেট প্রত্যাশায় বলেন, 'ভারতের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিশ্বে সর্ববৃহৎ। এই শিল্পে আরও বিনিয়োগ প্রয়োজন।

ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স-[illegible] ম্যানেজিং ডিরেক্টর প্রদীপ সুরেখা বলেছেন, 'অতিমারির ধাক্কা সামলে প্রতিটি ব্যবসা যাতে ঘুরে দাঁড়াতে পারে সেদিকে নজর রেখে এবারের বাজেট তৈরি করা হয়েছে।' সিআইআই-এর প্রেসিডেন্ট টি ভি নরেন্দ্রন প্রতিক্রিয়ায় বলেছেন, 'এর ফলে দেশের অর্থনীতিতে গতি আসবে।' বিএনসিসিআই-এর প্রেসিডেন্ট ড. অর্পণ মিত্র বলেছেন, 'অতিমারি পরিস্থিতিতে যে আপৎকালীন ঋণের জামিনের সময়সীমা বাড়িয়েছে, তা পরিকাঠামো এবং কর্মসংস্থানে গতি আনবে।' ফিকির হেলথ সার্ভিসেস কমিটির সদস্য ডাঃ অলোক রায় বলেছেন, 'এই বাজেট স্বাস্থ্যখাতে গতি আনবে।' বিসিসিআই-এর প্রেসিডেন্ট আব্রাহাম স্টিফেনোজ বাজেট পর্যালোচনা করেন। বণিকসভা এমসিসিআই-এর প্রেসিডেন্ট ঋষভ সি কোঠারি বলেছেন, 'ক্ষুদ্রশিল্পের জন্য ভাল উদ্যোগ নেওয়া হয়েছে। বিশেষ করে পরিষেবা ক্ষেত্রে, যেখানে এখন সহায়তা দরকার।'

সস্তাসুন্দর-এর প্রতিষ্ঠাতা এবং এগজিকিউটিভ ডিরেক্টর বি এল মিত্তল বলেছেন, ডিজিটাল অর্থনীতির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার পদক্ষেপ করা হয়েছে।' ফর্টিস হসপিটাল, কলকাতার সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট রিচা সিং দেবগুপ্ত বলেছেন, 'অতিমারি পরিস্থিতিতে ন্যাশনাল টেলি-মেন্টাল হেলথ প্রোগ্রাম ভাল উদ্যোগ।'

ভিলেজ ফিনান্স সার্ভিসেসের এমডি এবং সিইও কুলদীপ মাইতি বলেছেন, কৃষি ও পরিকাঠামো খাতে জোর দেওয়া হয়েছে। বাজেট নিয়ে প্রতিক্রিয়া দেন ম্যাডামির এগজিকিউটিভ ডিরেক্টর [illegible] ফাইবার্স লিমিটেডের সিএফও মুকেশ সুরানা, পেটিএম মানির সিইও বরুণ শ্রীধর, বাজাজ অ্যালিয়ানজ লাইফের এমডি এবং সিইও তরুণ চুঘ।

| Publication: Ei Samay | Date: 02.02.2022 |
|---|---|
| Edition: Kolkata | Page:4 |

এই সময় সংবাদপত্র

# কেন্দ্রীয় বাজেট উন্নয়নমুখী, দাবি বণিকসভাগুলির

**এই সময়:** কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করেছে শহরের বণিকসভাগুলি। তাদের বক্তব্য কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন উন্নয়নমুখী বাজেট পেশ করেছেন। বণিকসভাগুলির আশা দেশের স্বপ্ন পূরণ করতে বা জেট দীর্ঘমেয়াদি ভূমিকা পালন করবে।

বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি সভাপতি আব্রাহাম স্টেফানোস বলেন, 'বিপুল রাজস্ব সংগ্রহ ও গণ টিকাকরণের শক্তিশালী ভিতের উপর দাঁড়িয়ে এই বাজেট ধারাবাহিকতা বজায় রাখার কর্মসূচি এবং এখানে পরিকাঠামো ও সার্বিক উন্নয়নের উপর জোর দেওয়া হয়েছে। গতিশক্তি, সার্বিক উন্নয়ন, জলবায়ু রক্ষায় পদক্ষেপ, শক্তি রূপান্তর, রপ্তানিতে জোর এবং ডিজিটাল অর্থনীতি স্তম্ভের উপর দাঁড়িয়ে বাজেটের লক্ষ্য দীর্ঘমেয়াদি উন্নয়ন।'

ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স সভাপতি প্রদীপ সুরেখার মন্তব্য, 'এটা অত্যন্ত উন্নয়ন-কেন্দ্রিক বাজেট। অতিমারীর প্রভাব থেকে দ্রুত ব্যবসার পুনরুজ্জীবনে প্রত্যেক শিল্পের কাছে এটা জরুরি ছিল।'

ভারত চেম্বার অফ কমার্স সভাপতি রমেশ কুমার সারোগির মতে, 'অতি ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প সংস্থাগুলিকে ঋণ প্রদান ব্যবস্থার সম্প্রসারণ, স্টার্ট-আপ ও নয়া শিল্পের জন্য আয়কর ছাড়ের সুবিধা, আতিথেয়তা, পর্যটন ও সংশ্লিষ্ট শিল্পের পুনরুজ্জীবনের লক্ষ্যে বিভিন্ন ঘোষণা নিঃসন্দেহে প্রশংসাযোগ্য।'

মার্চেন্ট চেম্বার অফ কমার্স সভাপতি ঋষভ সি. কোঠারি বলেন, 'বাজেটের লক্ষ্য অর্থনীতির দ্রুত পুনরুজ্জীবন। সেই কারণে উন্নয়নের সাতটি চালিকাশক্তি, সড়ক, রেল, বিমানবন্দর, বন্দর, গণ পরিবহণ, জলপথ এবং লজিস্টিকসকে চিহ্নিত করা হয়েছে।'

জৈন ইন্টারন্যাশনাল ট্রেড অর্গানাইজেশনের কলকাতা চ্যাপ্টারের চেয়ারম্যান রাজেশ ভুতোরিয়ার অবশ্য বক্তব্য ভিন্ন। তিনি বলেছেন, 'এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া এবং আত্মবিশ্বাস জোগাতে সরকার বিরাট কিছু করেনি।'

সাহারিয়া গোষ্ঠীর প্রধান এম.কে সাহারিয়ার বক্তব্য, 'পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের অগ্রগতিতে মূলধনী ব্যয়ের প্রস্তাব দেখে আমরা খুশি। এই দুই এলাকায় মোট জিডিপির ২.৯% মূলধনী ব্যয় করার প্রস্তাব দেওয়া হয়েছে। পাশাপাশি পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের সমস্ত রাজ্যের রাজধানী রেলপথে সংযুক্ত করার কথাও বলেছে কেন্দ্র।'

অন্য দিকে, ভিলেস ফিনান্সিয়াল সার্ভিসেসের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও কুলদীপ মাইতি বলেন, 'অতিমারী কবলিত অতি ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প ক্ষেত্রের জন্য ইসিএলজিএস প্রকল্প একটি অত্যন্ত প্রয়োজনীয় পদক্ষেপ। পাঁচ লক্ষ কোটি টাকার ঋণ ও আর্থিক সহায়তা প্রকল্প এই ক্ষেত্রকে ত্রাণ জোগাবে এবং একই সঙ্গে নয়া কারখানা গড়ে তুলতে উৎসাহ দেবে। ফলে সৃষ্টি হবে কর্মসংস্থান।'

| Publication: Bartaman | Date: 02.02.2022 |
|---|---|
| Edition: Kolkata | Page: 5 |

বর্তমান

# মিশ্র প্রতিক্রিয়া বণিকমহলে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** মঙ্গলবার সংসদে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন যে বাজেট পেশ করলেন, তাতে মিশ্র প্রতিক্রিয়া মিলল বণিকমহলে। সরকার যেভাবে কর্পোরেট কর কমিয়েছে, পরিকাঠামোর উপর গুরুত্ব দেওয়ার কথা ঘোষণা করেছে, তাতে খুশি সিআইআই, অ্যাসোচেম বা ফিকি'র মতো সর্বভারতীয় বণিকসভাগুলি। পাশাপাশি রাজ্যের বণিকসভাগুলিরও বক্তব্য, যে পদক্ষেপগুলি করা হয়েছে, সেগুলি প্রশংসনীয় ঠিকই। কিন্তু আরও কিছু প্রয়োজন ছিল বর্তমান সময়ের জন্য।

মাচের্ন্টস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট ঋষভ কোঠারি বলেন, ছোট শিল্পের জন্য ঋণ জোগাড়ে সরকার যেভাবে এগিয়ে এসেছে, তা অত্যন্ত প্রশংসনীয়। ইমার্জেন্সি ক্রেডিট লাইন গ্যারান্টি স্কিম সরকারের অত্যন্ত সফল পদক্ষেপ। ২০২০ সালে ছোট শিল্প যে ঋণ পেয়েছে, তা করোনার আগের বছর, অর্থাৎ ২০১৯ সালের তুলনায় অনেক বেশি। সেই প্রকল্পকে সরকার আরও এক বছর এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে এই বাজেটে। আমাদের আশা, এতে ছোট শিল্প আরও এগিয়ে যাবে। পরিষেবা শিল্প যেভাবে মার খেয়েছে করোনায়, তাতে এই পদক্ষেপ অত্যন্ত সদর্থক ভূমিকা নেবে বলে আশা ঋষভবাবুর। দেশে চাহিদা তৈরি হলে শিল্পমহল চাঙ্গা হবে বলেই মনে করেন তিনি।

দি বেঙ্গল চেম্বারের প্রেসিডেন্ট আব্রাহাম স্টেফানোস বলেন, পরিকাঠামোয় জোর দেওয়া এবারের বাজেটের মূল বিষয়। পাশাপাশি ক্রিপ্টোকারেন্সির উপর কর চাপানো বা ডিজিটাল কারেন্সি চালু করার সিদ্ধান্তগুলি সদর্থক। কিন্তু সাধারণ করদাতাদের চাহিদা, করোনাকালে স্বাস্থ্যের উপর জোর দেওয়া, সমাজের আর্থিক বৈষম্যের বিষয়গুলির উপর প্রশ্ন থেকেই গিয়েছে এই বাজেটে। ভারত চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট রমেশ সারোগি বলেন, প্রতিরক্ষা সরঞ্জামের উৎপাদনে দেশীয় সংস্থাগুলিকে গুরুত্ব দেওয়া হয়েছে এই বাজেটে, যা অত্যন্ত ভালো সিদ্ধান্ত। এক্ষেত্রে সরকার গবেষণাখাতে ইনসেন্টিভ বা উৎসাহভাতা দেবে। কিন্তু পূর্ব ভারতে দেশের তৃতীয় ডিফেন্স করিডর তৈরির ব্যাপারে যে দাবি উঠেছিল, তাকে গুরুত্ব দেওয়া হয়নি বাজেটে। বন্ধন ব্যাঙ্কের সিইও এবং এমডি চন্দ্রশেখর ঘোষ বলেন, ছোট শিল্পের উন্নয়ন, আয়ত্তের মধ্যে বাড়ি বা 'অ্যাফর্ডেবল হাউজিং' ও সর্বোপরি পরিকাঠামো খাতে মূলধনী লগ্নিকে যেভাবে গুরুত্ব দেওয়া হয়েছে এবারের বাজেটে, তা দেশের উন্নয়নকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাবে। এতে শিল্প সংস্থাগুলি এগিয়ে আসবে এবং কর্মসংস্থানের সৃষ্টি হবে। ব্যাঙ্কিং সেক্টরও এতে অত্যন্ত লাভবান হবে। অন্যদিকে আইটিসি লিমিটেডের চেয়ারম্যান সঞ্জীব পুরি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আত্মনির্ভর ভারত গড়তে চেয়েছেন, যা প্রতিযোগিতার মধ্যে দিয়ে এগিয়ে যাবে। নির্মলা সীতারামন যে বাজেট পেশ করলেন, তা প্রধানমন্ত্রীর সেই স্বপ্নকেই এগিয়ে নিয়ে যাবে। যেভাবে কৃষিকে আরও উন্নয়নের লক্ষ্যে এগিয়ে নিয়ে যেতে ডিজিটাইজেশন, গবেষণা, কৃষিভিত্তিক প্রযুক্তির উপর জোর দেওয়া হয়েছে, তা কৃষিকে অন্য মাত্রায় নিয়ে যাবে। অন্যদিকে সেনকো গোল্ড অ্যান্ড ডায়মন্ডসের সিইও শুভঙ্কর সেন বলেন, 'কাট অ্যান্ড পলিশড' হীরের উপর কাস্টমস ডিউটি কমানোর যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার এই বাজেটে নিয়েছে, তা শিল্পের জন্য অত্যন্ত সদর্থক। পাশাপাশি ই-কমার্সের মাধ্যমে গয়না রপ্তানি করার জন্য সরকার যে সরল নির্দেশিকা চালু করার কথা জানিয়েছে, তা রপ্তানি বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। হীরের উপর আমদানি শুল্ক কমানোর সিদ্ধান্ত বাজারে হীরের চাহিদাকে আরও বাড়িয়ে দেবে বলে আশা করছি আমরা।

| Publication: Uttarbanga Sangbad | Date: 02.02.2022 |
|---|---|
| Edition: Siliguri | Page: 10 |

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ১৯ মাঘ ১৪২৮ বুধবার ৪.০০ টাকা 2 February 2022 Wednesday 12 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ http://www.uttarbangasambad.in

# কেন্দ্রীয় বাজেটের মিশ্র প্রতিক্রিয়া বণিক মহলে

**কলকাতা, ১ ফেব্রুয়ারি :** কেন্দ্রীয় বাজেট নিয়ে বাংলার বণিক মহলে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ করা গিয়েছে। মার্চেন্ট চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই)-এর সভাপতি ঋষভ সি কোঠারি নির্মলা সীতারামনের বাজেটকে স্বাগত জানিয়ে বলেছেন, 'দেশের বৃদ্ধির হার পুরোনো ছন্দে ফেরাতে যে ৭টি ক্ষেত্র অর্থাৎ সড়ক, রেল, বিমানবন্দর, বন্দর, গণপরিবহণ, জলপরিবহণ এবং পণ্য পরিবহণের পরিকাঠামোর উন্নতিতে জোর দেওয়া হয়েছে। পাশাপাশি চাহিদা বাড়াতে এবং মূলধন জোগানোর লক্ষ্যেও পদক্ষেপ করেছেন তিনি। যা দেশের অর্থনীতির পক্ষে অত্যন্ত ইতিবাচক হবে।'

বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি আব্রাহাম স্তেফানোজ বলেন, 'বাজেটে বেশকিছু বিষয় সম্পর্কে প্রশ্ন থেকে গিয়েছে। এর মধ্যে অন্যতম, দেশে ক্রমবর্ধমান আর্থিক অসাম্য। সাধারণ কর দাতাদের সহায়তার বিষয়টি এড়িয়ে যাওয়া হয়েছে। তবে রিজার্ভ ব্যাংকের ডিজিটাল কারেন্সি চালু করার ঘোষণা ও ক্রিপ্টো কারেন্সি সম্পদে ঘুরপথে কর বসানোর ঘটনা উল্লেখযোগ্য।'

কেন্দ্রীয় বাজেটে এবার গৃহঋণের সুদ বা আসলের ওপর কর ছাড়ের নতুন কোনও ঘোষণা না থাকায় হতাশা প্রকাশ করেছেন বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কেতন সেনগুপ্ত। তবে তাঁর আশা, দূর ভবিষ্যতে রিয়েল এস্টেট ব্যবসায় গতি আসবে। ২০২৩ সালের মধ্যে ২৫ হাজার কিলোমিটার জাতীয় সড়কের কাজ শেষ করা, ৪০০ নতুন 'বন্দে ভারত' ট্রেন চালু করা ইত্যাদি পরিকাঠামো বৃদ্ধিতে নজর দেওয়া এই বাজেটের অন্যতম গুরুত্বপূর্ণ দিক। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৮০ লক্ষ বাড়ি তৈরির জন্য ৪৮ হাজার কোটি টাকা বায়বরাদ্দ রিয়েল এস্টেট ব্যবসার বৃদ্ধিতে যথেষ্ট সহায়ক হবে বলে তিনি মনে করেন।

জেআইএস গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর তরণজিৎ সিং বলেন, 'এবারের বাজেটে ছাত্রছাত্রীদের জন্য ই-লার্নিং বা ডিজিটাল শিক্ষাব্যবস্থার ওপর জোর দেওয়া হলেও সেই খাতে ভরতুকি ও বায়বরাদ্দ বাজেটে সঠিকভাবে উল্লেখ করা হয়নি।'

স্বাস্থ্য ক্ষেত্রে কেন্দ্রীয় বাজেট যথেষ্ট হতাশাজনক বলে মনে করছে পূর্ব ভারতের বেসরকারি হাসপাতালগুলি। অ্যাসোসিয়েশন অফ হসপিটালস অফ ইস্টার্ন ইন্ডিয়ার সভাপতি রূপক বড়ুয়া বলেন, 'বিদেশ থেকে মেডিকেল যন্ত্রপাতি আমদানির ওপর কর ছাড়ের কোনও ঘোষণা নেই। করোনা পরিস্থিতিতে রোগীদের আরও ভালো স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য আমরা স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে কর ও রাজস্ব ছাড়ের আশা করেছিলাম। তা না হওয়ায় রোগীদের পকেটের ওপর চাপ পড়বে।'

চিকিৎসকদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরাম কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করে বলেছে, বাজেটে স্বাস্থ্যকে আরও বেশি করে কর্পোরেটমুখী করার প্রবণতা দেখা যাচ্ছে। মধ্য, ছোট ও প্রান্তিক ব্যক্তিকেন্দ্রিক স্বাস্থ্যকেন্দ্রগুলি ধুঁকছে এবং আগামীদিনে আরও বেশি করে ধুঁকবে। স্বাস্থ্যকে অধিকারমুখী না করে বিমামুখী করার অর্থ হল, স্বাস্থ্যব্যবস্থা থেকে সরকারের দায় লাঘব করা।

| Publication: Sanmarg | Date: 02.02.2022 |
|---|---|
| Edition: Kolkata | Page: 13 |

सन्मार्ग
खबरें अनेक सच्चाई एक
sanmarg.in

# चेम्बर्स ऑर्फ कॉमर्स ने की बजट की सराहना

सन्मार्ग संवाददाता

**कोलकाता :** प्रस्तावित आम बजट की सराहना चेम्बर्स ऑर्फ कॉमर्स की ओर से की गयी है। इस बारे में मर्चेंट्स चेम्बर ऑफ कॉमर्स एण्ड इण्डस्ट्री (एमसीसीआई) के प्रेसिडेंट **ऋषभ सी. कोठारी** ने कहा, 'ईसीएलजीएस (इमरजेंसी क्रेडिट लाइन गारंटी



स्कीम) का गहरा असर एमएसएमई में क्रेडिट फ्लो पर पड़ेगा। वर्ष 2020 में एमएसएमई को 2019 की तुलना में उच्च क्रेडिट ईसीएलजी स्कीम के कारण मिला था। कई छोटे फर्म, विशेषकर सर्विस सेक्टर में उठाये गये कदम स्वागत योग्य हैं, हालांकि कोविड की नयी लहर को देखते हुए लिक्विडिटी सपोर्ट की अधिक आवश्यकता है। बजट से कोविड की दूसरी लहर के कारण प्रभावित व्यवसाय में सुधार होगा। इसके अलावा ईसीएलजीएस बॉरोअर्स को व्यस्त/फेस्टिवल सीजन में आवश्यक सहयोग मिलेगा।'



बीसीसीएण्डआई की ओर से प्रेसिडेंट **अब्राहम स्टीफैनोस** ने बताया कि आम बजट पर प्रतिक्रिया देते हुए कहा गया कि बजट में संरचना पर जोर देने के साथ ही सामग्रिक विकास पर भी बल दिया गया है। प्रस्तावित बजट में गति शक्ति, सामग्रिक विकास, जलवायु एक्शन, एनर्जी ट्रांजिशन, एक्सपोर्ट पुश और डिजिटल अर्थव्यवस्था पर जोर दिया गया है। इस साल के बजट में सरंचना पर विशेष बल दिया गया है जिससे रोजगार के अवसर उत्पन्न होंगे। प्रस्तावित डिजिटल करेंसी के लांच की घोषणा के साथ ही क्रिप्टो करेंसी पर टैक्स एक तरह की नयी पहल है। हालांकि असमानता, आम करदाताओं का सहयोग और विशेषकर महामारी के समय में स्वास्थ्य सुविधाओं को लेकर बजट में सवाल उठ रहे हैं।

इस संबंध में इंडियन चेम्बर ऑफ कॉमर्स (आईसीसी) के प्रेसिडेंट व सुरेका ग्रुप के एमडी **प्रदीप सुरेका** ने कहा, 'बजट पूरी तरह विकास पर आधारित है जिसकी आवश्यकता हर एक उद्योग को थी। सभी उद्योग महामारी के कारण बुरी स्थिति से गुजर रहे थे और उन्हें तुरंत पुनरुद्धार की आवश्यकता है।



ये केंद्र सरकार के लिए भी एक बड़ा चैलेंज था, विशेषकर भारतीय अर्थव्यवस्था में गिरावट को देखते हुए सरकार को वी शेप रिकवरी को आवश्यकता थी, हालांकि केंद्र सरकार ने कृषि से लेकर रोजगार और सबसे महत्वपूर्ण ई-कॉमर्स और डिजिटल बैंकिंग पर जोर दिया। राज्य सरकारों को 1 लाख करोड़ ब्याज फ्री लोन अनुमोदित किया गया है जिससे पीएम गति शक्ति परियोजना को बल मिलने के साथ रोजगार के अवसर पैदा होंगे।

| Publication: Millennium Post | Date: 02.02.2022 |
| --- | --- |
| Edition: Kolkata | Page: 15 |

millenniumpost
NO HALF TRUTHS

# Budget 2022 lays foundation for open and digitised India: Bizmen in Bengal laud FM

OUR CORRESPONDENT

**KOLKATA:** The business community in Bengal has appreciated the Union Budget 2022, which was tabled by Finance Minister Nirmala Sitharaman on Tuesday.

Commenting on the Union Budget, Sanjiv Goenka, Chairman, RP-Sanjiv Goenka Group, said: "The Budget is not only impressive but also pro-economy and pro-nation. A huge emphasis has been laid on investments, infrastructure, and 'suvidha' to the common man. It is a furtherance of the simplification of rules and ease of doing business. Growth has been prioritised with a stable tax regime. Fiscal deficit at 6.9 per cent is in line with expectation. Focus on Infrastructure is well-appreciated. Government Capex, which goes up to Rs 7.5 lakh crore, shows intent. There are many pointers, which show the Finance Minister's desire to propel investments, to create infrastructure, to create jobs. She is sensitive to the requirements of the 'Aam Aadmi.' It's a Budget, which lays the foundation for an open and digitised India."

Vivek Lohia, Director, Jupiter Wagons & Chairman, National Council for Railways, ASSOCHAM said: "Gati Shakti was the limelight of this year's Union Budget, and rightly so, as it's one of the integral pillars of growth for India. With strong government intervention along with private investments, the railway industry will largely benefit from this plan. We can expect the cargo handling capacity of railways to increase to 1600 MT by the year 2024-25, which will also accelerate the construction of two dedicated freight corridors. Furthermore, the government's plan to set up 400 Vande Bharat trains and 100 Gati Shakti cargo terminals within the next 3 years along with building metro systems at scale, will add impetus to the development of the sector."

"Backed by robust revenue collection and mass vaccination drive, this Budget is an exercise in continuity and renewed stress on infrastructure and inclusive growth. Budget 2022-23 aims for a long-term commitment towards sustainable development riding on the pillars of Gati Shakti, Inclusive Development, Climate Action, Energy Transition, Exports Push and Digital Economy," said Abraham Stephanos, president of Bengal Chamber of Commerce and Industry.

# Bengal Inc lauds growth-oriented Budget

**PTI (/AUTHOR_ARTICLES_ALL.CMS?QUERY=%22PTI%22&AUTHOR=PTI&PAGE=1)** | FEB 1, 2022, 20:56 IST

Bengal Inc lauds growth-oriented Budget

Hopes of tax relief dashed, budget disappoints...

TN CM Stalin trashes Union Budget, slams...

Tourism sector gets Rs 2400 cr in Budget; some...

Kolkata, Feb 1 (PTI) Industries in Bengal on Tuesday lauded Union Finance Minister Nirmala Sitharaman for presenting a growth-oriented Union Budget and hoped that it would go a long way in fulfilling people's aspirations.

City-based diversified conglomerate ITC Ltd said that the "visionary" budget has looked into issues of concern.

"The path-breaking measures address key issues of livelihood generation, enhancing farmers' income and building climate resilience," ITC chairman Sanjiv Puri stated.

Taranjit Singh, the managing Director of JIS Group, said the government has "ushered in a new era" by focusing on the ed-tech sector.

He, however, pointed out that subsidising the sector was the need of the hour.

"Students who do not possess laptop or smartphone or even uninterrupted Internet connection to continue their education on virtual mode will not be able to take advantage."

The chambers said that they felt optimistic about the budget.

BUSINESS INSIDER INDIA Bengal Inc lauds growth-oriented Budget

BUSINESS INSIDER INDIA Hopes of tax relief dashed, budget disappoints...

BUSINESS INSIDER INDIA TN CM Stalin trashes Union Budget, slams...

BUSINESS INSIDER INDIA Tourism sector gets Rs 2400 cr in Budget; some...

Abraham Stephanos, the president of Bengal Chamber of Commerce and Industry, said, "Backed by robust revenue collection and mass vaccination drive, this budget is an exercise in continuity. It has renewed stress on infrastructure and inclusive growth. Budget 2022-23 aims at a long-term commitment towards sustainable development, riding on the pillars of Gati Shakti, inclusive development, climate action, energy transition, exports push and digital economy."

In a similar vein, Indian Chamber of Commerce president Pradeep Sureka maintained that the budget was a "growth-centric" one, something that the industries needed for fast recovery of their respective businesses amid the COVID-19 pandemic.

Bharat Chamber president Ramesh Kumar Saraogi said, "Extension of credit facilitation for MSMEs and concessional income tax for start-ups and new industries, and help for revitalisation of hospitality, travel and tourism and related sectors are laudable proposals."

Asserting that the budget focuses on "sharp rebound and recovery of the economy", Rishabh C Kothari, the chief of Merchants' Chamber of Commerce, stated that it has "identified the seven engines of growth -- roads, railways, airports, ports, mass transport, waterways and logistics infrastructure -- as key areas" that needed attention.

Sitharaman on Tuesday unveiled a Rs 39.45-lakh-crore Budget, with higher spending on highways to affordable housing, seeking to fire up the key engines of the economy.

According to Berger Paints MD Abhijit Roy, a lot of emphasis has been placed on capital expenditure which augurs well for the growth of the economy and job creation, especially in the medium to long term.

"The focus on green, environment-friendly, sustainable as well as digital technologies should also to be appreciated," he added.

Congratulating Sitharaman on the initiatives she has taken, Aditya Agarwal, the director of Emami Group,, however, noted, "We would expect the government to reinstate the import duty difference between refined palm oil and crude palm oil back to 11 per cent from the current 5.5 per cent to keep the domestic industry viable. Further, in the time of sustainable and recycled products, imposing import duty on paper needs revi ... BSM DC RMS R

Bengal Inc lauds growth-oriented Budget
Hopes of tax relief dashed, budget disappoints...
TN CM Stalin trashes Union Budget, slams...
Tourism sector gets Rs 2400 cr in Budget; some...

India

# Bengal Inc lauds growth-oriented Budget

PTI | 1 February, 2022 09:00 pm IST

Kolkata, Feb 1 (PTI) Industries in Bengal on Tuesday lauded Union Finance Minister Nirmala Sitharaman for presenting a growth-oriented Union Budget and hoped that it would go a long way in fulfilling people's aspirations.

City-based diversified conglomerate ITC Ltd said that the "visionary" budget has looked into issues of concern.

"The path-breaking measures address key issues of livelihood generation, enhancing farmers' income and building climate resilience," ITC chairman Sanjiv Puri stated.

Taranjit Singh, the managing Director of JIS Group, said the government has "ushered in a new era" by focusing on the ed-tech sector.

He, however, pointed out that subsidising the sector was the need of the hour.

"Students who do not possess laptop or smartphone or even uninterrupted Internet connection to continue their education on virtual mode will not be able to take advantage." The chambers said that they felt optimistic about the budget.

Abraham Stephanos, the president of Bengal Chamber of Commerce and Industry, said, "Backed by robust revenue collection and mass vaccination drive, this budget is an exercise in continuity. It has renewed stress on infrastructure and inclusive growth. Budget 2022-23 aims at a long-term commitment towards sustainable development, riding on the pillars of Gati Shakti, inclusive development, climate action, energy transition, exports push and digital economy." In a similar vein, Indian Chamber of Commerce president Pradeep Sureka maintained that the budget was a "growth-centric" one, something that the industries needed for fast recovery of their respective businesses amid the COVID-19 pandemic.

Bharat Chamber president Ramesh Kumar Saraogi said, "Extension of credit facilitation for MSMEs and concessional income tax for start-ups and new industries, and help for revitalisation of hospitality, travel and tourism and related sectors are laudable proposals." Asserting that the budget focuses on "sharp rebound and recovery of the economy", Rishabh C Kothari, the chief of Merchants' Chamber of Commerce, stated that it has "identified the seven engines of growth — roads, railways, airports, ports, mass transport, waterways and logistics infrastructure — as key areas" that needed attention.

Sitharaman on Tuesday unveiled a Rs 39.45-lakh-crore Budget, with higher spending on highways to affordable housing, seeking to fire up the key engines of the economy.

According to Berger Paints MD Abhijit Roy, a lot of emphasis has been placed on capital expenditure which augurs well for the growth of the economy and job creation, especially in the medium to long term.

“The focus on green, environment-friendly, sustainable as well as digital technologies should also to be appreciated,” he added.

Congratulating Sitharaman on the initiatives she has taken, Aditya Agarwal, the director of Emami Group,, however, noted, “We would expect the government to reinstate the import duty difference between refined palm oil and crude palm oil back to 11 per cent from the current 5.5 per cent to keep the domestic industry viable. Further, in the time of sustainable and recycled products, imposing import duty on waste paper needs review.” PTI BSM DC RMS RMS

*This report is auto-generated from PTI news service. ThePrint holds no responsibility for its content.*